



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/30/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সরকারি কাজের প্রকল্পসমূহের ন্যায্যপরায়ণতা রক্ষা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

**বিধিমালা (S.5994C/A.1338C) সরকারি কাজে নিযুক্ত হতে ঠিকাদার এবং উপঠিকাদারদের জন্য নিবন্ধন ব্যবস্থা স্থাপন করে এবং শ্রম আইন ও প্রবিধান আরো ভালোভাবে প্রতিষ্ঠা করতে বেসরকারি প্রকল্পকে এর আওতাধীন করে**

গভর্নর ক্যাথি হোকল আজকে (S.5994C/A.1338C) বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করলেন, যা সরকারি কাজে নিযুক্ত হতে ঠিকাদার এবং উপঠিকাদারদের জন্য নিবন্ধন ব্যবস্থা স্থাপন করে এবং অতিরিক্ত স্বচ্ছতা প্রদান করতে এবং বিদ্যমান শ্রম আইন ও প্রবিধান আরো ভালোভাবে প্রতিষ্ঠা করতে বেসরকারি প্রকল্পকে এর আওতাধীন করে।

"এই বিধিমালাটি স্বচ্ছতা নিশ্চিত করতে, প্রতারণা হ্রাস করতে এবং করদাতাদের অর্থ যাতে কর্মীদের মর্যাদা ও সম্মান প্রদান করে এমন ঠিকাদারদের কাছে যায় তা নিশ্চিত করতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের কর্মীরা আমাদের অর্থনীতির ইঞ্জিন এবং তাদের অধিকার রক্ষা করতে আমাদেরকে সম্ভাব্য সবকিছু করতে হবে।"

বিধিমালা (S.5994C/A.1338C) সরকারি কাজের প্রকল্পসমূহে এবং নিউ ইয়র্কে সরকারি ভর্তুকি পাওয়া আওতাধীন বিশেষ কিছু বেসরকারি প্রকল্পের কাজ শুরু করার চুক্তির জন্য আবেদন করা ঠিকাদার ও উপঠিকাদারদের জন্য একটি নিবন্ধন ব্যবস্থা প্রতিষ্ঠা করে। নতুন এই আইনটি ঠিকাদার ও উপঠিকাদারদের জন্য দুই বছর পরপর তাদের ব্যবসার ব্যাপারে একাধিক তথ্য প্রদান করে শ্রম বিভাগে (Department of Labor) নিবন্ধন করা আবশ্যিক করে। শ্রম বিভাগ প্রচলিত বেতনের আবশ্যিকতাসহ পূর্বের শ্রম আইন ও কর্মীদের ক্ষতিপূরণ আইনের লঙ্ঘনের উপর ভিত্তি করে একজন ঠিকাদার ও উপঠিকাদার নিবন্ধন করার যোগ্য কিনা তা নির্ণয় করবে এবং একটি সকলের জন্য উন্মুক্ত অনলাইন ডেটাবেজ তৈরি করবে। স্টেট ও স্থানীয় সত্তাগুলি যাতে নিউ ইয়র্কের শ্রম আইন ও প্রবিধান অনুসরণ করা ঠিকাদার ও উপঠিকাদারদের সাথেই কাজ করে, এই আইনটি তা নিশ্চিত করবে।

**স্টেটের সিনেটর শন রায়ান বলেন,** "আমি এই গুরুত্বপূর্ণ বিধিমালাটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, যা ঠিকাদারেরা নিজেদের কর্মীদের সাথে ন্যায্য আচরণ করে এমন প্রকল্পসমূহে নিউ ইয়র্কবাসীদের করের অর্থ ব্যয় করা নিশ্চিত করে তাদের সুরক্ষা

প্রদান করে। এই আইনটি খারাপ পক্ষদের সরকারি কাজের প্রকল্প পাওয়া ঠেকাবে, এবং এটি নিশ্চিত করবে যাতে আইন মেনি করা কোম্পানিগুলি নিলাম প্রক্রিয়ার প্রতিযোগিতায় পেছনে না পড়ে।"

**অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন,** "নতুন এই নিবন্ধন ব্যবস্থাটি নিশ্চিত করবে যে সরকারি কাজের প্রকল্পের চুক্তি পাওয়ার জন্য আবেদন করা ঠিকাদার ও উপঠিকাদারগণ ভালো পক্ষ এবং তারা কর্মীদের সাথে যথাযথ আচরণ করে। এই বিলটির বুদ্ধি সরাসরি কর্মীদের কাছ থেকে এসেছে। আমি খুশি যে মাঠপর্যায়ের মানুষেরা আমার কাছে যেই বুদ্ধির প্রস্তাব করেছিলো তা আইনে পরিণত হয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "করদাতাদের অর্থে সম্পন্ন হওয়া আমাদের সরকারি প্রকল্পসমূহের কাজ নিউ ইয়র্কের শ্রম আইন মেনে চলা ঠিকাদার ও উপঠিকাদারদের দ্বারা হচ্ছে তা নিশ্চিত করার জন্য এই নিবন্ধন ব্যবস্থা এবং ডেটাবেজ প্রতিষ্ঠা করা একটি অত্যাবশ্যকীয় পদক্ষেপ। এই আইনগুলোই কর্মীদের নিরাপত্তা রক্ষা করে এবং একটি ন্যায্য দিনের কাজের জন্য একটি ন্যায্য দিনের মজুরি নিশ্চিত করে, এবং সরকারি প্রকল্প প্রদান করার সময় স্টেট ও স্থানীয়দেরকে একজন ঠিকাদারের ইতিহাস যাচাই করার সুযোগ প্রদানকারী এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক স্টেট ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন,** "নির্মাণ খাতে প্রায়শই নীতিহীন ঠিকাদারেরা স্বচ্ছতা ও দায়বদ্ধতার ঘাটতির কারণে কর্মীদের ঠকাতে পারে। এই বিধিমালাটি এই ধারা বদলে দেওয়ার ক্ষেত্রে একটি বড় ভূমিকা পালন করবে এবং নিজেদের প্রকল্পে করদাতাদের রাজস্ব ও সরকারি তহবিল প্রাপ্ত ঠিকাদারগণ যাতে নিজেদের ব্যবসাকে সং প্রমাণ করার একদম মৌলিক আবশ্যিকতা পূরণ করে তা নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্ককে আমাদের পরিশ্রমী ট্রেডসমেন ও ট্রেডসউইমেনকে সুরক্ষা প্রদান করতে দিবে। শ্রম বিভাগের দায়িত্ব হলো হাজার হাজার সরকারি প্রকল্পের তত্ত্বাবধান করা, এই নিবন্ধন তালিকাটি তাদের প্রচলিত বেতনের আইন প্রয়োগ করা এবং নির্মাণ কর্মীদের সাথে যাতে কাজের স্থানে ন্যায্য আচরণ করা হয় তা নিশ্চিত করার আরেকটি হাতিয়ার প্রদান করবে। আমরা এই গুরুত্বপূর্ণ বিধিমালায় স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে, এবং সেই সাথে আইনসভার নেতৃবৃন্দ, বিলটির স্পন্সর সিনেটর রায়ান এবং অ্যাসেম্বলি সদস্য ম্যাগনারেলিকে, যারা এই অতি গুরুত্বপূর্ণ উদ্যোগকে অগ্রসর করেছেন, তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

**উত্তর আটলান্টিক স্টেটসমূহের আঞ্চলিক কাঠমিস্ত্রি পরিষদের (North Atlantic States Regional Council of Carpenters) সহকারী নির্বাহী সচিব-কোষাধ্যক্ষ বিল বেনফিল্ড বলেন,** "কাঠমিস্ত্রিরা ঠিকাদার নিবন্ধনকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছে। যেসব ঠিকাদার ইচ্ছাকৃতভাবে প্রচলিত বেতনের আইন অগ্রাহ্য করে, তারা কর্মী, করদাতা, এবং নির্মাণ খাতের ন্যায্যপরায়ণতাকে প্রতারণা করছে। গভর্নরের আজকে স্বাক্ষর করা ঠিকাদার নিবন্ধন (Contractor Registration) আইনটি নিশ্চিত করবে যে সরকারি

অর্থ ব্যয় করা হলে সেই নির্মাণকাজ আইন মেনে চলা ঠিকাদাররাই করবে। নির্মাণ খাতে  
ন্যায্যতা শুরু হয় দায়বদ্ধতা দ্বারা।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418